

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 03-11-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সরকারি পরিষেবা সঠিক সময়ে জনগণের কাছে পৌঁছে দেবার জন্য আধিকারিকদের নির্দেশ দিয়েছেন।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, নাগরিকদের সর্বোচ্চ মানের চিকিৎসা পরিষেবা দেবার লক্ষ্যে রাজ্য সরকার নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।
- (৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ উত্তরাখণ্ড রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশনে ভাষণ দেন।
- (৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে দেশ এখন কেবল প্রযুক্তির ভোক্তা নয়, বরং এটি এখন প্রযুক্তিগত রূপান্তরের পথিকৃৎ হয়ে উঠেছে।
- (৫) রাজ্য ভিত্তিক অনূর্ধ্ব ১৭ বালক বিভাগের ফুটবল প্রতিযোগিতায় ত্রিপুরা স্পোর্টস স্কুল চ্যাম্পিয়ন হয়েছে।

\*\*\*\*\*

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সরকারি পরিষেবা সঠিক সময়ে জনগণের কাছে পৌঁছে দেবার জন্য আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। আজ ধলাই জেলার বিভিন্ন সীমান্তগ্রাম সফর সফরকালে তিনি আধিকারিকদের এই নির্দেশ দেন।

#####Byte-Governor#####

রাজ্যপাল রইস্যাবাড়ি ব্লকের অন্তর্গত বোয়ালখালী স্কুল মাঠে গ্রামবাসীদের সঙ্গে মতবিনিময় করেন। বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতির খবর নেন। তিনি স্ব-সহায়ক গোষ্ঠীর উৎপাদিত বিভিন্ন সামগ্রীর স্টল পরিদর্শন

করেন। রাজ্যপাল ধলাই জেলায় রইস্যাবাড়ি সীমান্ত এলাকায় বিএসএফের ফাঁড়ি পরিদর্শন করেন। তিনি সীমান্ত রক্ষী বাহিনীর জওয়ানদের সঙ্গেও কথা বলেন। যথাযথ দায়িত্ব নিয়ে সীমান্ত পাহাড়া দেওয়ার জন্য তিনি বি.এস.এফ জওয়ানদের প্রশংসা করেছেন। রাজ্যপাল জওয়ানদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করেন। উপস্থিত ছিলেন বি.এস.এফের ডি.আই.জি গজরাজ যাদব, ধলাই জেলার জেলাশাসক বিবেক এইচ বি ও পুলিশ সুপার মিহির লাল দাস। আগামীকাল ও পরশু রাজ্যপাল উনকোটী ও উত্তর জেলা সফর করবেন।

\*\*\*\*\*

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, নাগরিকদের সর্বোচ্চ মানের চিকিৎসা পরিষেবা দেবার লক্ষ্যে রাজ্য সরকার নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আজ জিবি হাসপাতালের নতুন ক্রিটিক্যাল কেয়ার ব্লক, সংক্রামক রোগ কেন্দ্র এবং ২০ শয্যা বিশিষ্ট স্পেশাল ওয়ার্ডের ভিত্তিপ্রস্তর স্থাপন করে কার্ল ল্যান্ডস্টেনার অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানমঞ্চে মুখ্যমন্ত্রী এ.জি.এম.সি এবং জিবি হাসপাতালের সঙ্গে দিল্লীর এইমস এবং লক্ষ্মী-এর এ.জি..পিজি.আই হাসপাতালের মধ্যে ডিজিটাল টেলিমেডিসিন পরিষেবার সূচনা করেন। পাশাপাশি জিবি হাসপাতালে রোগী ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে ইন্টার ডিপার্টমেন্টাল রেফারেল সিস্টেমেরও সূচনা করেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, জিবি হাসপাতালে রোগীদের অত্যাধুনিক চিকিৎসা পরিষেবা প্রদানের কথা মাথায় রেখে দেশের স্বনামধন্য হাসপাতাল এবং চিকিৎসকদের কাছ থেকে সাহায্য নেওয়া হচ্ছে। টেলিমেডিসিন পরিষেবাও রাজ্যের স্বাস্থ্যক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আনবে বলে তিনি আশা ব্যক্ত করেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সবকটি মেডিক্যাল কলেজ মিলিয়ে এম.বি.বি.এস-এর মোট ৪০০ আসন রয়েছে। এবছর এ.জি.এম.সি ছাড়া বাকী কলেজগুলির এমবিবিএসের ফলাফল আশানুরূপ হয়নি। এর কারণ খোঁজা হবে, সরকার এই বিষয়ে সচেতন রয়েছে।

#####Byte-#####

\*\*\*\*\*

### Package Story-NEP 2020 :

নতুন জাতীয় শিক্ষানীতি-২০২০-এ পড়ুয়াদের মধ্যে উদ্ভাবনী শক্তি বিকশিত করার পাশাপাশি কর্মউদ্যোগমুখী শিক্ষায় বিশেষ জোর দিতে চাওয়া হয়েছে। এর ফলে উদ্দেশ্যমুখী পড়াশুনোর মাধ্যমে ভবিষ্যত জীবন গড়ার নিশ্চয়তার দিকটাও শক্তিশালী হয়ে উঠবে। সেই লক্ষ্যে সাধারণ ডিগ্রি কলেজ পড়ুয়াদেরও অন্যান্য পেশাগত পড়াশুনোর মতোই ইন্টার্নশিপ কর্মসূচিতে যুক্ত করা হয়েছে। এনিয়ে একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

### Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ উত্তরাখণ্ড রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশনে ভাষণ দেন। রাজ্যের সকল বাসিন্দা এবং আইনপ্রণেতাদের অভিনন্দন জানিয়ে তিনি গত ২৫ বছরে উত্তরাখণ্ডের উল্লেখযোগ্য সাফল্যের প্রশংসা করেন। তিনি বলেন, সামগ্রিক উন্নয়ন প্রচেষ্টার ফলে, রাজ্যের মানব উন্নয়ন সূচকের বেশ কয়েকটি পরামিতি উন্নত হয়েছে।

রাষ্ট্রপতি বলেন, রাজ্যে নারী শিক্ষার পরিধি প্রসারিত হয়েছে এবং মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুর হার হ্রাস পেয়েছে এবং সরকার স্বাস্থ্যসেবা আরও সহজলভ্য করার জন্য প্রচেষ্টা চালাচ্ছে। তিনি বলেন, উত্তরাখণ্ডের পবিত্র ভূমি থেকে আধ্যাত্মিকতা এবং বীরত্বের ঐতিহ্য ধারাবাহিকভাবে প্রবাহিত হচ্ছে। রাজ্যের যুবকরা ভারতীয় সেনাবাহিনীতে সেবা প্রদান এবং মাতৃভূমি রক্ষার জন্য উৎসাহী বলে উল্লেখ করেন তিনি। তিনি বলেন উত্তরাখণ্ডের অনেক জনপ্রতিনিধি দেশের গণতান্ত্রিক ঐতিহ্যকে শক্তিশালী করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন।

#####Byte-President#####

রাষ্ট্রপতি জনপ্রতিনিধিদের দলীয় রাজনীতির ঊর্ধ্বে উঠে উন্নয়ন ও জনকল্যাণের দিকে মনোনিবেশ করার আহ্বান জানান।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে দেশ এখন কেবল প্রযুক্তির ভোক্তা নয়, বরং এটি এখন প্রযুক্তিগত রূপান্তরের পথিকৃৎ হয়ে উঠেছে। নতুনদিল্লির ভারত মণ্ডপে উদীয়মান বিজ্ঞান ও প্রযুক্তি উদ্ভাবন কনক্লেভ ২০২৫ এর উদ্বোধন করে শ্রী মোদী বলেন, দেশে উদ্ভাবনের একটি আধুনিক বাস্তুতন্ত্র গড়ে তোলার জন্য সরকার গবেষণার সহজতার উপর জোর দিচ্ছে। তিনি উল্লেখ করেন যে, দেশে বিশ্বের সবচেয়ে সফল ডিজিটাল পাবলিক পরিকাঠামো তৈরি করা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, সাম্প্রতিক বছরগুলিতে দেশকে উদ্ভাবনের কেন্দ্রবিন্দুতে পরিণত করার জন্য গৃহীত নীতি এবং সিদ্ধান্তগুলি এখন ফলপ্রসূ হচ্ছে। শ্রী মোদী বলেন, গত দশকে দেশের গবেষণা ও উন্নয়ন ব্যয় দ্বিগুণ হয়েছে এবং নিবন্ধিত পেটেন্টের সংখ্যাও ১৭ গুণ বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, দেশ বিশ্বের তৃতীয় বৃহত্তম স্টার্টআপ ইকোসিস্টেমে পরিণত হয়েছে। তিনি

আরও বলেন যে দেশে ছয় হাজারেরও বেশি ডিপ-টেক স্টার্টআপ পরিষ্কার শক্তি এবং উন্নত উপকরণের মতো ক্ষেত্রে কাজ করছে।

#####Byte-PM#####

প্রধানমন্ত্রী বলেন যে দেশের সেমিকন্ডাক্টর ক্ষেত্র এক রূপান্তরমূলক পদক্ষেপ নিয়েছে। সাম্প্রতিক বছরগুলিতে, ভারত সবুজ হাইড্রোজেন, কোয়ান্টাম কম্পিউটিং, গভীর সমুদ্র গবেষণা এবং গুরুত্বপূর্ণ খনিজ পদার্থ সহ বেশ কয়েকটি উজ্জ্বল ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে তা উল্লেখ করে, শ্রী মোদী বলেন যে দেশটি এই সমস্ত ক্ষেত্রে একটি আশাব্যঞ্জক উপস্থিতি প্রতিষ্ঠা করেছে। তিনি বলেন যে ভারতীয় বিশ্ববিদ্যালয়গুলিতে গবেষণা এবং উদ্ভাবন বৃদ্ধির জন্য অনুসন্ধান জাতীয় গবেষণা প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়েছে। বেসরকারি ক্ষেত্রেও গবেষণা এবং উন্নয়নকে উৎসাহিত করার জন্য প্রচেষ্টা করা হচ্ছে।

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং, প্রধান বৈজ্ঞানিক উপদেষ্টা অধ্যাপক অজয় কুমার সুদ, নোবেল বিজয়ী স্যার আন্দ্রে গেইম এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

## DYFI :

আগরতলার মেলারমাঠে ছাত্র-যুব ভবনে আজ ডি.ওয়াই.এফ.আই-র ৪৬তম প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। উপস্থিত ছিলেন ডি.ওয়াই.এফ.আই রাজ্য সভাপতি পলাশ ভৌমিক ও রাজ্য সম্পাদক নবারুণ দে প্রমুখ।

\*\*\*\*\*

## State Level Football :

রাজ্য ভিত্তিক অনূর্ধ্ব ১৭ বালক বিভাগের ফুটবল প্রতিযোগিতায় ত্রিপুরা স্পোর্টস স্কুল চ্যাম্পিয়ন হয়েছে। আজ থোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের সিন্বেটিক ফুটবল মাঠে অনুষ্ঠিত চূড়ান্ত পর্যায়ের খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ৩-০ গোলে ধলাই জেলাকে পরাজিত করে।

\*\*\*\*\*

## Ranji Trophy :

রঞ্জি ট্রফির চারদিনের খেলার তৃতীয় দিনে বাংলার রানের জবাব দিয়েছে ত্রিপুরা। এম বি বি স্টেডিয়ামে আজ বাংলার প্রথম ইনিংসের ৩৩৬ রানের

জবাবে ত্রিপুরা প্রথম ইনিংসে তৃতীয় দিনের শেষে ৭ উইকেটে ২৭৩ রান করে। রাজ্যদলের পক্ষে হনুমা বিহারী অনবদ্য ১২১ রানে ও দলনেতা মণিশংকর মুডাসিং ৪২ রানে অপরাজিত রয়েছেন। বাংলার মহম্মদ কাইফ ৫৩ রানে ৪টি উইকেট পান। এর আগে বাংলা দিনের শুরুতে ৯ উইকেট হারিয়ে ৩৩৬ রান থেকে খেলতে নেমে কোন রান যোগ করার আগেই শেষ উইকেটটি হারায়। রাজ্যদলের পক্ষে মণিশংকর মুডাসিং ও রাণা দত্ত ৩টি করে উইকেট পান।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*